টুলুর বাজেয়াপ্ত সম্পত্তি ২০০ কোটি

অনুপম বন্দ্যোপাধ্যায়

সিউড়ি, ৩ আগস্ট

বীরভূমের পলাতক পাথর ব্যবসায়ী মহম্মদ নাজিবুদ্দিন ওরফে টুলু মণ্ডলের আরও বেশ কয়েকটি ব্যাঙ্ক অ্যাকাউন্টের হদিশ পেয়ে সেগুলি ফ্রিজ করল পুলিশ। এইসব ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রায় ৩৩ কোটি ৭০ লক্ষ টাকার একাধিক ফিক্সড ডিপোজিট রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। অর্থাৎ এ নিয়ে সোনা ও টাকা মিলিয়ে টুলুর বাজেয়াপ্ত–করা ধনসম্পদ ২০০ কোটি ছাড়িয়ে গেল। রবিবার পর্যন্ত এই অঙ্ক ছিল প্রায় ১৮৬ কোটি টাকা। এদিন তা পৌঁছোয় ২২০ কোটিতে। পাশাপাশি বাজেয়াপ্ত–করা টুলুর জমির পরিমাণও তিনশো বিঘা থেকে বেড়ে দাঁড়িয়েছে প্রায় ৪১০ বিঘা।

এদিকে রবিবার গভীর রাতে পুলিশ গ্রেপ্তার করেছে টুলু মণ্ডলের কারবারের অন্যতম ম্যানেজার সীতেশ প্রামাণিককে। সোমবার সিউড়ির মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে তোলা হলে বিচারক ধৃতকে সাত দিনের পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দেন। সরকারি আইনজীবী জানান, ধৃত এই ম্যানেজারের কাছ থেকে তার হাতে লেখা একটি ডয়েরি উদ্ধার করেছে, যাতে লেখা আছে বিভিন্ন সময়ে সংশ্লিষ্ট সরকারি আধিকারিককে টুলুর সংস্থা থেকে কত টাকা দেওয়া হয়েছে। এছাড়া ধৃতকে জেরার সূত্রে টুলুর একটি গোডাউনের মধ্যে উদ্ধার হয়েছে একটি গুপ্ত ছাপাখানা। সেখান থেকে প্রিন্টিং মেশিন–সহ কিছু কাগজপত্র বাজেয়াপ্ত করা হয়েছে। জানা গেছে, এই ছাপাখানায় পাথর পরিবহণের নকল চালান (ডুপ্লিকেট কার্বন রিসিট) ছাপানো হত।

ব্যবসায়ীর বাড়ি থেকে উদ্ধার ২ কোটি

অভিজিৎ চৌধুরি

মালদা, ৩ আগস্ট

পুরাতন মালদা পুরসভার চৌরঙ্গি মোড় এলাকার একটি বাড়ি থেকে প্রায় ২ কোটি ৪১ লক্ষ টাকা উদ্ধার করল পুলিশ। ঘটনায় এক ওষুধ ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতের বিরুদ্ধে বেআইনি ফেন্সিডিল পাচারের অভিযোগ রয়েছে। রবিবার রাত সাড়ে দশটা নাগাদ পুরাতন মালদা থানার চৌরঙ্গি মোড় এলাকার ওই বাড়িতে দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলা পুলিশের যৌথ অভিযান চলে। পাশাপাশি ৫০ বাক্স বেআইনি ফেন্সিডিলও বাজেয়াপ্ত করেছে পুলিশ। এই ঘটনায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলা পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন।

উদ্ধার হওয়া টাকা। ছবি: প্রতিবেদক

ধৃতের নাম পিন্টু সরকার। তার বাড়ি পুরাতন মালদা পুরসভার ১ নম্বর ওয়ার্ডের নবাবগঞ্জ এলাকায়। ওষুধের ব্যবসা সূত্রে চৌরঙ্গি মোড় এলাকায় একটি বহুতলের বাড়ি ভাড়া নিয়েছিল পিন্টু সরকার। প্রাথমিক তদন্তের পর পুলিশ জানিয়েছে, ৫ জুলাই দক্ষিণ দিনাজপুর জেলার পুলিশ প্রায় ১,৫০০ বোতল বেআইনি কাফ সিরাপ–সহ চারজনকে গ্রেপ্তার করে। ধৃতেরা এই কাফ সিরাফগুলি বাংলাদেশে পাচার করার পরিকল্পনা নিয়েছিল। এর পর ওই ধৃতদের পুলিশ হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করেই পিন্টু সরকারের নাম জানতে পারে পুলিশ। পুরাতন মালদা থানা পুলিশ জানিয়েছে, এই পিন্টু সরকারই হচ্ছে কাফ সিরাপের মূল পান্ডা। তবে তার বাড়িতে এত বিপুল পরিমাণ নগদ অর্থ কোথা থেকে এল, সে ব্যাপারেও তদন্ত শুরু করেছে পুলিশ। পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করা হয়েছে। প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে, বেআইনি কাফ সিরাপের লেনদেনেরই এই টাকা ধৃতের কাছে ছিল।

সনৎ রায় প্রয়াত

আজকালের প্রতিবেদন

সাংবাদিক সনৎ রায়ের জীবনাবসান হল। তিনি আজকাল পত্রিকার সঙ্গে দীর্ঘদিন যুক্ত ছিলেন। বয়স হয়েছিল ৮১ বছর। সোমবার সকালে বাড়িতে হঠাৎই অসুস্থ বোধ করেন। হাওড়ার নারায়ণা হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তিনি মারা যান। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছে কলকাতা প্রেস ক্লাব। ১৯৮৬ সালে সনৎ রায় আজকাল পত্রিকায় যোগ দেন। প্রথমে ডেস্ক, তারপর রিপোর্টিং বিভাগে কাজ করেন। আবহাওয়া সংক্রান্ত সংবাদে তিনি ছিলেন সিদ্ধহস্ত। এছাড়াও নানা ধরনের সংবাদ, ফিচার লিখেছেন। বাংলা সাহিত্য এবং সাংবাদিকতা ও গণজ্ঞাপন— দুটি বিষয় নিয়েই তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর করেছিলেন। আজকাল ছাড়াও তিনি ভারত কথা এবং হিন্দুস্থান সমাচারে কাজ করেছেন। হাওড়ার দীনবন্ধু কলেজের এই প্রাক্তনীর লেখা বই 'কাঠি থেকে লাঠি'— স্মৃতিচারণ ও পর্যবেক্ষণ এ মাসেই প্রকাশিত হওয়ার কথা। যথার্থ ভদ্রলোক বলতে যা বোঝায়, সনৎ রায় ছিলেন তাই। নিরহঙ্কারী, সদালাপী, বন্ধুবৎসল হিসেবে তাঁর সুখ্যাতি ছিল। তাঁর মৃত্যুতে শোকাচ্ছন্ন সহকর্মীরা। রয়েছেন তাঁর স্ত্রী নূপুর রায় ও দুই পুত্র অভিষেক ও অভিজ্ঞান।

সনৎ রায়

আমেরিকান সেন্টারে গুলিকাণ্ড: আদালতে হাসান ইমাম

২০০২ সালের জানুয়ারি মাসে কলকাতার আমেরিকান সেন্টারে পুলিশকে লক্ষ্য করে গুলি বর্ষণের মামলায় অভিযুক্ত হাসান ইমামকে আদালতে হাজির করা হল। সোমবার জেল হেফাজত থেকে তাকে কলকাতার নগর দায়রা আদালতে এনে বিচারক দীপ্তেন্দ্রনাথ মিত্রর এজলাসে পেশ করা হয়। সরকারি কৌঁসুলি গণেশ মাইতি সওয়ালে জানান, ধৃতের বিরুদ্ধে চার্জ গঠনের পর্যাপ্ত তথ্য রয়েছে। গুলি চালানোর জন্য যে মোটরসাইকেলটি ব্যবহার করেছিল, সেটিও উদ্ধার ও বাজেয়াপ্ত করেছে পুলিশ। মামলায় সাপ্লিমেন্টারি চার্জশিটও জমা পড়েছে। আদালতে এই মামলার পরবর্তী শুনানি ১৯ আগস্ট। ঘটনায় মূল অভিযুক্ত আফতাব আনসারি–সহ সাতজনের সাজা হলেও কয়েকজন পলাতক ছিল। তাদের মধ্যেই ২০১৬ সালে গুজরাট থেকে পুলিশি জালে ধরা পড়ে হাসান ইমাম।

এসইউসিআই(সি)-র সমাবেশ বুধবার

এসইউসিআই(সি)–র প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক শিবদাস ঘোষের ৫১তম স্মরণদিবস উপলক্ষে বুধবার দুপুরে রানি রাসমণি অ্যাভিনিউয়ে সমাবেশের আয়োজন করা হয়েছে। দলের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যের বিভিন্ন জেলা থেকে মানুষ আসবেন। বক্তব্য পেশ করবেন দলের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ, সভাপতিত্ব করবেন পলিটব্যুরো সদস্য অসিত ভট্টাচার্য।

Walk-in-Interview

will be held on
17.08.2026 (@ 2 PM)
at the O/o of the DREF,
37, K. B. Sarani, Kol.-700037 for
the selection of one Field Worker.
For details, please visit the
website : **www.wbuafscl.ac.in**
Chairman, Selection Committee

স্টার পেপার মিলস লিমিটেড
CIN: L21011WB1936PLC008726
রেজিস্টার্ড অফিস: ডানকান হাউস, ২ নং ফ্লোর, ৩১, নেতাজি সুভাষ রোড, কলকাতা– ৭০০০০১
ফোন: ০৩৩-২২৪২৭৩৮০ ই–মেল: star.cal@starpapers.com
ওয়েবসাইট: www.starpapers.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর বিধান অনুযায়ী বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি অন্যান্য বিষয়ের সাথে বিবেচনা এবং অনুমোদন করার জন্য বুধবার, ১২ আগস্ট, ২০২৬ তারিখে কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরস-এর একটি সভা অনুষ্ঠিত হওয়ার জন্য নির্ধারিত হয়েছে। বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইট (www.starpapers.com) এবং বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের (www.nseindia.com) ওয়েবসাইটেও উপলব্ধ।

স্টার পেপার মিলস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
০৩ আগস্ট, ২০২৬ — সৌরভ অরোরা
সাহারানপুর (ইউ.পি) — (কোম্পানি সেক্রেটারি)

পঞ্জাব নেশনাল বাঁক (পnb) punjab national bank (Govt. Of India Undertaking)
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট–IV [রুল ৮(১) দ্রষ্টব্য]

সার্কল অফিস এসএএম : পূর্ব মেদিনীপুর
পদুমবসান, পোঃঅঃ– তমলুক, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৩৬

যেহেতু:
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা(গণ) ও বন্ধকদাতা(গণ) শ্রী হাবিব ইসলাম (ঋণগ্রহীতা),** পিতা শ্রী সিরাজুল ইসলাম ও শ্রী আকবর ইসলাম (সহ–ঋণগ্রহীতা), পিতা সিরাজুল ইসলাম, গ্রাম কনকপুর, পোঃ পাঁশকুড়া আর এস, থানা পাঁশকুড়া, জেলা পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭২১১৫২–এর প্রতি **১৩.০৫.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন যার মাধ্যমে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক বাবদ **₹২৯,৬৮,৩৩০.৮৯** (উনত্রিশ লক্ষ আটষট্টি হাজার তিনশো তিরিশ টাকা এবং উননব্বই পয়সা মাত্র), তৎসহ উদ্ভূত সুদ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা/ জামিনদার এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **৩০ জুলাই, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
বিশেষত ওই ঋণগ্রহীতা/জামিনদার এবং জনসাধারণকে এতদ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹২৯,৬৮,৩৩০.৮৯** (উনত্রিশ লক্ষ আটষট্টি হাজার তিনশো তিরিশ টাকা এবং উননব্বই পয়সা মাত্র) তার উপর সুদ সমেত **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
স্থাবর সম্পত্তিগুলির বিবরণ : জমি ও বাড়ির স্থাবর সম্পত্তির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশের সমবন্ধক, মৌজা– কনকপুর, পোঃ পাঁশকুড়া, জেলা পূর্ব মেদিনীপুর, প্লট নং আর এস ১৮২৩ ও এল আর ২০০৭, বাস্তু জমির মাপ ২০ ডেসিমেল, জে এল নং ৮২, খতিয়ান নং আর এস ১০২২ ও এল আর ২০০৭, ২৯.০২.২০২৬ তারিখের দান দলিল নং ৫১৬/১৬ অনুসারে।

তারিখ: ৩০.০৭.২০২৬ — স্বা/– শ্রী ভিকি বর্মন, চিফ ম্যানেজার/ অনুমোদিত আধিকারিক
স্থান: তমলুক — পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সার্কল অফিস এসএএম–পূর্ব মেদিনীপুর

SOUTH INDIAN Bank EXPERIENCE NEXT-GEN BANKING
লিলুয়া শাখা
গ্রাউন্ড ফ্লোর, ১৩৬/১৩৬এ গিরিশ ঘোষ রোড, ডন বস্কো ক্যাম্পাস, লিলুয়া, হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১২০৪
ই–মেল আইডি- br0459@sib.bank.in

ব্যাঙ্কে বন্ধকের জন্য স্বর্ণ নিলাম

যেহেতু, দ্য সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেডের অনুমোদিত আধিকারিক ঋণগ্রহীতাকে তার নেওয়া গোল্ড লোনের বকেয়া পরিশোধ করার আহ্বান জানিয়ে বিক্রয় নোটিস জারি করেছিলেন। ঋণগ্রহীতা উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সর্বসাধারণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কঠোরভাবে 'যেমন আছে যে অবস্থায় আছে ভিত্তিতে' এবং 'যা কিছু আছে সেই ভিত্তিতে' এবং 'বিনা দায়বদ্ধতার ভিত্তিতে' স্বর্ণালঙ্কারের অফলাইন নিলাম পরিচালনা করবেন। ঋণগ্রহীতার নিম্নলিখিত অ্যাকাউন্ট নম্বরগুলির জন্য ১৪.০৮.২০২৬ তারিখে দুপুর ১২:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত শাখা থেকে অফলাইনে নিলাম পরিচালিত হবে:

ক্রঃ নং	অ্যাকাউন্ট নং	নাম	বন্ধকের তারিখ	বন্ধক রাখা সোনার ওজন (গ্রামে গ্রস ওজন)	গোল্ড লোনের পরিমাণ (₹)
১	0459653000000572	জাহিদ ইকবাল	২৭.০৪.২০২৬	২২.৫৬	₹১,৮৯,০০০.০০
২	0459653000000574	জাহিদ ইকবাল	২৮.০৪.২০২৬	১৩.৩৮	₹১,২০,০০০.০০

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে অঙ্কুর বাহেতির (গোল্ড লোন অফিসার) সাথে যোগাযোগ করুন, যোগাযোগ নং- ৮৩৫৭৮৫২৮২৭।

স্বা/- ম্যানেজার
দ্য সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক লিমিটেড

বাঁক অফ বড়ৌদা Bank of Baroda
বরানগর শাখা
১৯৩, কাশীনাথ দত্ত রোড, কলকাতা–৭০০০৩৬, পশ্চিমবঙ্গ
ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার 'এ'
স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি;
'পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে সুরক্ষিত ঋণদাতা রূপে **ব্যাঙ্ক অফ বরোদার** কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং সুরক্ষিত ঋণদাতা রূপে **ব্যাঙ্ক অফ বরোদার** অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম / লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই–নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১.	মিঃ কমলেশ ধর এবং মিসেস শর্মিষ্ঠা ব্যানার্জি ধর ঠিকানা: ৮৩, রামলাল আগরওয়াল লেন, সিঁথি, বরানগর, উত্তর ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৫০	নিম্নোক্ত প্রেমিসেসে নির্মিত বহুতল ভবনের ২ নং ফ্লোরে উত্তর–পূর্ব–দক্ষিণ অংশে সামান্য কমবেশি ৩৭০ বর্গফুট মাপের (সুপার বিল্ট আপ এরিয়া ধরে পরিমাপ সামান্য কমবেশি ৫৯৫ বর্গফুট) স্বয়ংসম্পূর্ণ একটি আবাসিক ফ্ল্যাটের (নং ৬৯/এস/১) অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: নং ৬৯, দেশপ্রিয় নগর কলোনি, থানা– বরানগর, পোস্ট অফিস–সিঁথি, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০০৫০, হোল্ডিং নং ৬৯, মৌজা– নৈনান, দাগ নং ৬৬০, এল আর দাগ নং ২৩১৭, ইপি নং ৮, এসপি নং ৮, জে এল নং ৮, ওয়ার্ড নং ২৩, বরানগর পুরসভা, কাশীপুর দমদম এডিএসআর–এর অধিক্ষেত্রাধীন। সম্পত্তির স্বত্বধারক কমলেশ ধর এবং শর্মিষ্ঠা ব্যানার্জি ধর। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ইপি নং ৬, এসপি নং ১৪; দক্ষিণ– পুরসভার ৮ ফুট চওড়া রাস্তা; পূর্ব– ইপি নং ১০; পশ্চিম– ইপি নং ৯। দায়: জানা নেই	₹ ২২,৮৫,৭০০.৮৫ তৎসহ ১২.০৩.২০২৬ থেকে উদ্ভূত সুদ, মাশুল ও চার্জ	০৮.০৯.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	সংরক্ষণ মূল্য ₹২৫,৭০,০০০.০০ / জামানত (ইএমডি) ₹২,৫৭,০০০.০০ / বিড বাড়ানোর মূল্য: ₹১০,০০০.০০	প্রতীকী	যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে দুপুর ১টা থেকে বিকেল ৪টের মধ্যে (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও এই নম্বরে যোগাযোগ করতে পারেন: মোবাইল: ৯৯৩৮১৩৭৩১২।
১. এই বিক্রি সুরক্ষিত ঋণদাতা ব্যাঙ্কের অনুমোদন সাপেক্ষ হবে।
২. সম্পত্তিটি প্রতীকী দখলে রয়েছে এবং বিডাররা প্রতীকী দখলে থাকা এই সম্পত্তি নিজের দায় ও ঝুঁকিতে ক্রয় করছেন।
৩. ব্যাঙ্ক উক্ত সম্পত্তির কেবলমাত্র প্রতীকী দখল হস্তান্তর করবে এবং নিলামে সফল বিডার বা ক্রেতা ব্যাঙ্কের থেকে এই সম্পত্তিগুলির বাস্তবিক দখলের জন্য দাবি জানাবেন না।
৪. সম্পত্তির বাস্তবিক দখল দিতে ব্যাঙ্ক কোনওভাবেই দায়ী বা কর্তব্যপরায়ণ থাকবে না।
৫. জমাকৃত অর্থাঙ্ক ফেরতের ক্ষেত্রে নিলামে সফল ক্রেতা কোনও সুদ পাওয়ার জন্য দাবি জানাতে পারবেন না।
৬. ই–নিলামের অব্যবহিত পরেই নিলামে সফল ক্রেতাকে উপরিলিখিত শর্ত ও নিয়মাবলি নিশ্চিতকরণের ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে হবে।
৭. বিক্রির পরে সফল বিডার ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে ব্যর্থ হলে তাঁর তরফে জমাকৃত বিডের ইএমডি অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।

তারিখ: ০৪.০৮.২০২৬ — অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা — ব্যাঙ্ক অফ বরোদা

Bandhan Bank
আঞ্চলিক কার্যালয়: নেতাজি মার্গ, মিঠাখালি সিক্স রোডসের নিকটে, এলিসব্রিজ, আহমেদাবাদ–6, ফোন: +91–26421671–75

প্রতীকী দখলের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, 2002–এর রুল 3–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, 2002–এর 13(12) ধারাধীনে অর্পিত ক্ষমতা প্রয়োগে এই নোটিস জারি করা হচ্ছে যে, ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক নিম্নোক্ত অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে 60 দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। সংশ্লিষ্ট ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং 8–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের 13(4) ধারাধীনে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন। বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করে দেওয়া হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন ব্যাঙ্কের বকেয়া অর্থাঙ্ক, সুদ, খরচ ও চার্জ সমেত ব্যাঙ্কের প্রতি দায় সাপেক্ষ হবে। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের 13 নং ধারার (8) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ বন্ধকদাতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা, জামিনদারের নাম এবং লোন অ্যাকাউন্ট নম্বর	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)	দাবি বিজ্ঞপ্তির তারিখ	প্রতীকী দখলের তারিখ	দাবি বিজ্ঞপ্তির তারিখে অনাদায়ী বকেয়া
1. অক্ষয় কুমার দাস 2. শর্মিষ্ঠা দাস সরকার 57230007362444	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: হোল্ডিং নং– 1405, নূতনপাড়া, ওয়ার্ড নং– 06, গ্রাম– নূতনপাড়া, মৌজা– যশরা, জে এল নং– 24, আর এস প্লট নং– 246 এবং এল আর প্লট নং– 246/1215, এল আর খতিয়ান নং– 4395, চাকদহ পুরসভার এলাকাধীন, থানা– চাকদহ, পোঃঅঃ– চাকদহ, জেলা– নদিয়া, পিন– 741222, পশ্চিমবঙ্গ– 741222। সম্পত্তির স্বত্বধারক: অক্ষয় কুমার দাস। চৌহদ্দি: উত্তর– বলাই দাসের ফাঁকা জমি; পূর্ব– 4.5 ফুট চওড়া কাঁচা সাধারণ চলাচলের পরিসর; পশ্চিম– বিষ্ণুপদ পোদ্দারের ফাঁকা জমি; দক্ষিণ– প্লট নং সি–1–এর ওপর অক্ষয় কুমার দাসের ফাঁকা জমি, তার পর 5 ফুট চওড়া পিসিসি রাস্তা।	30 এপ্রিল, 2026	30 জুলাই, 2026	₹3,21,432.29 (28 এপ্রিল, 2026 অনুযায়ী)
1. বরুণ দেব সরকার 2. বিজলি সরকার 57210001562530	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জে এল নং– 23, দাগ নং– 37, খতিয়ান নং– 2693, ওয়ার্ড নং– 9, হোল্ডিং নং– 537/4, রঘুনাথপুর স্ট্রিট, শান্তিপুর পুরসভার অন্তর্গত, থানা– শান্তিপুর, পোঃঅঃ– শান্তিপুর, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ– 741404। সম্পত্তির স্বত্বধারক: বিজলি সরকার। চৌহদ্দি: উত্তর– ইটভাটা; পূর্ব– স্বপন ভট্টাচার্য এবং গীতা রানি দে'র সম্পত্তি; পশ্চিম– শ্রীহরি বিশ্বাস এবং বিমল অধিকারীর সম্পত্তি; দক্ষিণ– রাস্তা।	30 এপ্রিল, 2026	30 জুলাই, 2026	₹5,38,563.73 (28 এপ্রিল, 2026 অনুযায়ী)

স্থান: পশ্চিমবঙ্গ / তারিখ: 4 আগস্ট, 2026 — অনুমোদিত আধিকারিক, বন্ধন ব্যাঙ্ক লিমিটেড

পঞ্জাব নেশনাল বাঁক (পnb) punjab national bank (Govt. Of India Undertaking)
সার্কল অফিস: এসএএম– পশ্চিম মেদিনীপুর
বিই–১, বিধান নগর ইস্ট, রেলওয়ে স্টেশন রোড, মেদিনীপুর, পিন–৭২১১০১, পশ্চিমবঙ্গ
ফোন: ৯৭৭১৪ ৯১২০৩
ই–মেল আইডি: copaschimsam@pnb.bank.in
২৪.০৮.২০২৬ তারিখের ই–নিলাম

অ্যানেক্সার–'বি'
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত